

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 25-12-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) এস আই আর পর্বের শুনানিতে ভিন রাজ্য থেকে মাইক্রো অবজার্ভার নিয়োগের যে অভিযোগ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করেছিলেন, নির্বাচন কমিশন তা খারিজ করে দিয়েছে।
- ২) কলকাতা হাইকোর্ট SIR প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া ওবিসি শংসাপত্র ব্যবহারের বিষয়ে নির্বাচন কমিশনকে সিদ্ধান্ত নিতে নির্দেশ দিয়েছে।
- ৩) হাওড়া পুরসভা এলাকায় ৫০ এর বদলে ৬৬ টি ওয়ার্ড রেখে দেওয়ার জন্য রাজ্য সরকার ফের আইনি সংশোধন আনতে চলেছে। মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত অনুমোদিত।
- ৪) রাজ্যের প্রাক্তন মন্ত্রী উপেন কিঙ্কু প্রয়াত।
- ৫) ডাকঘরগুলিকে আধুনিক প্রযুক্তি নির্ভর কেন্দ্রে পরিণত করতে ভারতীয় ডাকবিভাগ নেক্সট জেনারেশন পোস্ট অফিস প্রকল্প চালু করেছে।
- ৬) আজ বড়দিন। যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস সারা রাজ্যই বিপুল উৎসাহ উদ্দীপনায় উদযাপিত হচ্ছে।
- ৭) বড়দিনে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শীতের আমেজ। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা নেমেছে ১৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াসে।

---

এস আই আর পর্বের শুনানিতে ভিন রাজ্য থেকে মাইক্রো অবজার্ভার নিয়োগের অভিযোগ নির্বাচন কমিশন খারিজ করে দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, গতকাল কলকাতার নজরুল মঞ্চে মাইক্রো অবজার্ভারদের এক প্রশিক্ষণ শিবিরের ফাঁকে সাংবাদিকদের বলেন, মাইক্রো অবজার্ভাররা সকলেই এই রাজ্যে কর্মরত। তবে কেউ অন্য রাজ্যের বাসিন্দা কিনা, সে তথ্য কমিশনের কাছে নেই। এদের সকলকেই ইতিমধ্যে নিয়োগ পত্র দেওয়া হয়েছে। শ্রী আগারওয়াল আরও জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনেই মাইক্রো অবজার্ভাররা দায়িত্ব পালন করবেন। নিয়মের বাইরে কোনও কাজ করা হবে না। ২৭ শে ডিসেম্বর শুনানিপর্ব শুরু হচ্ছে বলেও তিনি জানিয়েছেন।

### বাইট মনোজ আগরওয়াল

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পত্তি ভিন রাজ্য থেকে মাইক্রো অবজার্ভার নিয়োগ করা হচ্ছে বলে অভিযোগ করেছিলেন।

শিবিরে উপস্থিত বিশেষ রোল অবজার্ভার সুরূত গুপ্ত জানান, যাঁদের ক্ষেত্রে শুনানির প্রয়োজন রয়েছে, শুধুমাত্র তাঁদের কাছেই নোটিস পাঠানো হবে। এই বিষয়ে কোনও বিভ্রান্তির অবকাশ নেই।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার শুনানির উপর নজরদারির জন্য নির্বাচন কমিশন সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজার্ভার নিয়োগ করেছে। আজ নজরুল মঞ্চে দুই দফায় তাদের প্রশিক্ষণ দেওয়া হয়।

এদিকে, রাজ্য আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি নিয়ে আগামী হেই জানুয়ারি নির্বাচন কমিশন, এক উচ্চ পর্যায়ের বৈঠকের ডাক দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়াল ছাড়াও বৈঠকে উপস্থিত থাকবেন রাজ্য পুলিশের নোডাল অফিসার এবং কেন্দ্রীয় বাহিনীর প্রধানরা। আগামী ভোটে কেন্দ্রীয় বাহিনীর ব্যবহার নিয়েও আলোচনা হবে। পাশাপাশি কত দফায় এবারের ভোট হবে তা'ও বিবেচনা করা হতে পারে। CEO অফিস সূত্রের খবর, এবারের ভোটে দফার সংখ্যা কমিয়ে আনার প্রস্তাব রাখা হবে।

---

রাজ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া ওবিসি শংসাপত্র ব্যবহারের বিষয়ে নির্বাচন কমিশনকে সিদ্ধান্ত নিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণ রাও-এর বেঞ্চ গতকাল জানিয়েছেন, ২০১০-এর পর থেকে ইস্যু হওয়া OBC শংসাপত্র, SIR-এর নথি হিসেবে গ্রাহ্য হবে কিনা, সে বিষয়ে সাত দিনের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে কমিশনকে। ৩১শে ডিসেম্বরের মধ্যে সিদ্ধান্ত জানাতে হবে মামলাকারীকে।

উল্লেখ্য, গতবছর মে মাসে রাজ্য ২০১০ সালের পর তৈরী সমস্ত OBC সার্টিফিকেট বাতিল করে দেয় হাইকোর্ট। সেই নির্দেশের প্রেক্ষিতে SIR-এর ক্ষেত্রেও যাতে সেগুলি মান্যতা না পায়, সেই আবেদন জানিয়ে আদালতে মামলা করেন এক আইনজীবি।

---

হাওড়া পুরসভা এলাকায় ৫০ এর বদলে ৬৬ টি ওয়ার্ড রেখে দেওয়ার জন্য রাজ্য সরকার ফের আইনি সংশোধন আনতে চলেছে। মন্ত্রিসভার বৈঠকে গতকাল প্রশাসনের এই সিদ্ধান্তে সিলমোহর দেওয়া হয়। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, হাওড়া পুরসভা আইন ১৯৮০ সংশোধনের জন্য ফের বিধানসভায় এই বিল আনার সিদ্ধান্ত হয়েছে।

উল্লেখ্য, ২০১৫ সালে তৃণমূল কংগ্রেস সরকার হাওড়া পুরসভার সঙ্গে বালি পুরসভাকে জুড়ে দিয়ে মোট ৬৬ টি ওয়ার্ড গঠন করে। যদিও হাওড়া পুরসভার অন্তর্গত ছিল ৫০ টি। কিন্তু পরে প্রশাসনিক সমস্যা দেখা দেওয়ায় ২০২১ সালে ফের বালি পুরসভাকে হাওড়া পুরসভা থেকে আলাদা করে দেওয়া হয়। তৎকালীন রাজ্যপাল জগদীপ ধনখড় সেই সিদ্ধান্ত অনুমোদন করেননি।

চলতি বছরে রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই সিদ্ধান্ত অনুমোদন করেন। নিয়ম অনুযায়ী হাওড়া পুরসভার ওয়ার্ড কমে যাওয়ার কথা। কিন্তু রাজ্য সরকার সেখানে ৫০ টি র বদলে ৬৬ টি রাখতে চাইছে। কারণ গত ১০ বছরে পুরসভা লোকসংখ্যা দ্বিগুণের বেশি বেড়েছে। তাই এই আইন সংশোধনের সিদ্ধান্ত।

---

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে শিল্পায়নে গতি আনতে দুশো একরের বেশি জমি বরাদ্দ করার সিদ্ধান্তও গৃহীত হয়। বৈঠকের পর অর্থমন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য জানান, রাজ্য শিল্প উন্নয়ন নিগমের তরফে মেদিনীপুরের বিদ্যাসাগর শিল্প তালুকে ৩০ দশমিক  $\frac{4}{2}$  একর, পানাগর শিল্প তালুকে ১ দশমিক ৩৭ একর এবং হরিণঘাটায় ২ দশমিক ৭৭ একর জমি বরাদ্দ করা হয়েছে। পাশাপাশি জঙ্গলসুন্দরী কর্মনগরীতে শিল্প স্থাপনের জন্য দেওয়া

হচ্ছে ১৫৫ একর জমি। ডোমজুরে জেমস অ্যান্ড জুয়েলারি পার্কের অফিস তৈরির জন্য দু হাজার বর্গফুটের বেশি জমি বরাদের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

---

ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা সামাল দিতে রাজ্য সরকার বেসরকারি সংস্থার সঙ্গে ঘোথ উদ্যোগে আরো একটি বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। জিন্দল গোষ্ঠীর সঙ্গে সহযোগিতায় মোট ১৬০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সুপার ট্রিটিক্যাল পাওয়ার প্লান্টের দুটি ইউনিট গড়ে উঠবে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদিত হয়েছে। প্রাথমিক ভাবে এই প্রকল্পের মেয়াদ ধরা হয়েছে ২৫ বছর। তবে ভবিষ্যতে বিদ্যুতের চাহিদা আরও বাড়লে অতিরিক্ত ৫ বছর মেয়াদ বাড়ানোর সুযোগ রাখা হয়েছে। জমি চিহ্নিত করে অধিগ্রহণের দায়িত্বও সংশ্লিষ্ট বেসরকারি সংস্থার বলে মন্ত্রী জানান।

---

ডাকঘরগুলিকে গ্রাহককেন্দ্রিক ও আধুনিক প্রযুক্তিনির্ভর পরিষেবা কেন্দ্রে পরিণত করতে ভারতীয় ডাক বিভাগ, নেক্সট জেনারেশন পোস্ট অফিস প্রকল্প চালু করেছে। প্রকল্পের অধীনে কলকাতা বিশ্ববিদ্যালয় চতুরে আজ এই নেক্সট জেন পোস্ট অফিসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ সার্কেলের চীফ পোস্টমাস্টার জেনারেল অশোক কুমার। তিনি বলেন,

ডিজিটাল পদ্ধতিতে শিক্ষিত যুবসমাজ ও ছাত্র ছাত্রীদের চাহিদা পূরণে ডাক বিভাগের এই আধুনিক উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

বাইট

নবনির্মিত পোস্ট অফিসে আধুনিক নকশা, উন্নত গ্রাহক পরিষেবা ব্যবস্থা ও ডিজিটাল ব্র্যান্ডিং যুক্ত করা হয়েছে, যা উদ্ভাবন, দক্ষতা ও জনসেবার উৎকর্ষতার প্রতিফলন। ছাত্র ছাত্রী ও যুব সমাজকে আকৃষ্ট করতে এই ডাকঘরে চাকরি এবং ইন্টারনেট পরিষেবার ব্যবস্থা থাকবে। এই উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাঙ্কনে ডাক পরিষেবাকে আরও সুদৃঢ় করবে বলে শ্রী কুমার মনে করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর আশুতোষ ঘোষ, রেজিস্ট্রার অধ্যাপক দেবাশীষ দাস প্রমুখ।

---

রাজ্যের প্রাক্তন মন্ত্রী উপেন কিশু প্রয়াত। গতকাল রাতে বাঁকুড়া শহরের এক বেসরকারী হাসপাতালে প্রয়াত হন তিনি। বাঁকুড়ার রাইপুর থেকে ১৯৭৭ সাল থেকে টানা ৮ বার বিধানসভায় নির্বাচিত হন তিনি। সি পি আই এম নেতা উপেন বাবু আদিবাসী উন্নয়ন মন্ত্রী হিসাবে কাজ করেছেন।

---

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা প্রধানমন্ত্রী কিশান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাভিযান, প্রধানমন্ত্রী-কুসুম প্রকল্প। উত্তর চবিশ পরগনা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয়বস্তু বিশেষজ্ঞ ড. চিন্ময় মাজির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। এই অনুষ্ঠান আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ শে ডিসেম্বর  
(রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের  
মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম  
পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকাটি চ্যানেল এবং আকাশবাণীর  
নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও  
সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা  
যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে  
মতামত জানানো যাবে।

---

আজ বড়দিন। যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস সারা রাজ্যেই বিপুল উৎসাহ উদ্দীপনায়  
উদযাপিত হচ্ছে।

### জিঙ্গল

গতকাল মধ্যরাতে গীর্জায় গীর্জায় ঘন্টাধ্বনি ও ক্যারোলের মধ্য দিয়ে স্মরণ করা  
হয় প্রভু যীশুকে। খ্রীষ্ট ধর্মাবলম্বী আজও সকাল থেকেই অংশ নেছেন বিশেষ প্রার্থনায়।  
বড়দিন উপলক্ষে আলোর মালায় সেজে উঠেছে পার্ক স্ট্রীট ও বো ব্যারাক এলাকা।

একটি প্রতিবেদন -

ভয়েসকাস্ট

বড়দিন উপলক্ষে পার্ক স্ট্রিট সহ গোটা কলাকাতায় পুলিশি নিরাপত্তা জোরদার করা হয়েছে। মোতায়েন করা হয়েছে অতিরিক্ত দেড় হাজার পুলিশ। এছাড়াও থাকছে QR টিম, হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড এবং উইনার্স বাহিনী।

যাত্রীদের সুবিধার্থে বিশেষ বাস চালানোর পরিকল্পনা করা হয়েছে। রাজ্য পরিবহন নিগম পার্কস্ট্রীট থেকে হাওড়া স্টেশন, পর্ণশ্বী, জোকা, বালিগঞ্জ সহ একাধিক এলাকায় বিশেষ বাস চালাবে।

যাত্রীদের সুবিধার্থে আজ উত্তর দক্ষিণ এবং পূর্ব পশ্চিম করিডরে বিশেষ পরিষেবা দেবে মেট্রোরেল। Esplanade, Park Street, ময়দান, রবীন্দ্র সদন, দমদম এবং দক্ষিণেশ্বর স্টেশনে জোরদার করা হয়েছে নিরাপত্তা। মোতায়েন করা হচ্ছে অতিরিক্ত আরপিএফ। যেকোনোরকম জরুরি অবস্থা মোকাবিলায় পার্ক স্ট্রিট, ময়দান ও Esplanade স্টেশনে প্রস্তুত রাখা হচ্ছে Quick Response Team ( QRT)। পার্ক স্ট্রিট স্টেশনে পর্যাপ্ত মহিলা আরপিএফ আধিকারিক ও কর্মী মোতায়েন থাকছে। যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে CCTV-র মাধ্যমে নজরদারি চালানো হবে। থাকছে ডগ স্কোয়াডও।

অন্যদিকে, ভিড় সামাল দিতে মেট্রো রেল আজ নর্থ সাউথ করিডরের পার্ক স্ট্রিট ও ময়দান মেট্রো স্টেশনে প্রবেশ ও প্রস্থানের গেট চিহ্নিত করে দিয়েছে। যাত্রীরা কেবলমাত্র দুই ও তিন নম্বর গেট দিয়ে পার্ক স্ট্রিট স্টেশনে প্রবেশ এবং ১, ৫ ও ৬ নম্বর গেট দিয়ে বেরিয়ে আসতে পারবেন। আজ ৪ নম্বর গেট যাত্রীদের জন্যে বন্ধ থাকবে।

ময়দান স্টেশনে ২ ও তিন নম্বর গেট দিয়ে প্রবেশ এবং এক নম্বর গেট দিয়ে বাইরে বেরিয়ে আসা যাবে বলে মেট্রো রেল জানিয়েছে।

অন্যদিকে, ভুগলীর ব্যান্ডেল চার্চে বড়দিন উপলক্ষে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে। তবে, খ্রিস্ট ধর্মালম্বীরা ছাড়া অন্য কেউ আগামী ৩১ তারিখ পর্যন্ত চার্চে প্রবেশ করতে পারবেন না।

বেলুড় মঠে গতকাল প্রথামাফিক সন্ধ্যা আরতির পর মূল মন্দিরের ভেতরে ঘীশুর আরাধনা করা হয়।

---

বড়দিনে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শীতের আমেজ। চলতি সপ্তাহে এই প্রথম কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা নামলো স্বাভাবিকের নিচে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় এক ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের প্রায় দুই ডিগ্রি কম। আগামী দু'দিনে রাজ্যের প্রায় সব জেলাতেই তাপমাত্রা আরও কিছুটা কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডন জানিয়েছে।

উত্তরবঙ্গের দার্জিলিং কোচবিহার আলিপুরদুয়ার জলপাইগুড়ি এবং উত্তর দিনাজপুর জেলায় এবং দক্ষিণবঙ্গের কয়েকটি জায়গায় মাঝারি থেকে ঘন কুয়াশারও সম্ভাবনা রয়েছে।

---